Improving planned orthopaedic surgery for adults in north central London

(Bengali)

নর্থ সেন্ট্রাল লন্ডনে পূর্ণবয়স্কদের জন্য পরিকল্পিত অর্থোপেডিক সার্জারি উন্নত হচ্ছে

পূর্ণবয়স্কদের হাড়, জয়েন্ট বা গাঁট ও পেশীর (পরিকল্পিত অর্থোপেডিক সার্জারি) সার্জারি করার প্রণালীতে আমরা কিছু পরিবর্তনের প্রস্তাব করছি।

এর মধ্যে রয়েছে হিপ বা কোমর এবং হাঁটু প্রতিস্থাপন; এবং কোমর, হাঁটু, কাঁধ, কনুই, পায়ের পাতা, গোড়ালি ও হাতের অন্যান্য সার্জারি।

মতামত জানানোর শেষ তারিখ: 6ই এপ্রিল 2020

এই আলোচনা প্রক্রিয়া সম্পর্কে

আমরা বারনেট, ক্যামডেন, এনফিল্ড, হেরিঙ্গে ও আইলিংটন (নর্থ সেন্ট্রাল লন্ডন)-এর পূর্ণবয়স্কদের যেভাবে পরিকল্পিত অর্থোপেডিক সার্জারি প্রদান করে থাকি তা আমরা খতিয়ে দেখছি আর আমাদের প্রস্তাবগুলি সম্পর্কে আপনাদের মতামত জানার আকাঙ্খা আমাদের রইল।

নর্থ সেন্ট্রাল লন্ডন জুড়ে পরিকল্পিত অর্থোপেডিক সার্জারি প্রদানে আমরা বর্তমানে যে প্রতিবন্ধকতাগুলির সম্মুখীন হচ্ছি তা পূরণে আমরা যে প্রস্তাবগুলি রেখেছি তা এই সারমর্মে ব্যাখ্যা করা হয়েছে। আমরা কোনও সিদ্ধান্ত গ্রহণের আগে, আমাদের প্রস্তাবগুলির উপর আপনাদের মতামত চাইছি। আমরা এও জানতে চাই যে, আপনার কোনও বিকল্প প্রস্তাব রয়েছে কিনা এবং সেগুলি কী।

আলোচনার একটি সম্পূর্ণ নথি এবং আরো তথ্য পাওয়া যাবে এখানে:
www.northlondonpartners.org.uk/orthconsultation

পরিকল্পিত অর্থোপেডিক সার্জারি কী?

অর্থোপেডিক সার্জারিতে হাড়, জয়েন্ট বা গাঁট, লিগামেন্ট, টেন্ডন, পেশী ও স্নায়ুর (মাসকিউলোস্কেলিটাল সিস্টেম) ক্ষতির চিকিৎসা করা হয়। অস্টিওআর্থারাইটিস এর মতো বহু বছর ধরে তৈরী হওয়া কোনো দীর্ঘমেয়াদী স্বাস্থ্যসমস্যা বা আপৎকালীন নয় এমন অন্য কোনো ক্ষতির জন্য রোগীদেরকে একজন অর্থোপেডিক সার্জনের কাছে রেফার করা হয়।

হিপ বা কোমর ও হাঁটুর প্রতিস্থাপন হল এনএইচএস(NHS)-এর প্রদানকৃত সবচেয়ে পরিচিত অর্থোপেডিক সার্জারির ধরণ, তারপরে রয়েছে কোমর, হাঁটু, কাঁধ, কনুই, পায়ের পাতা, গোড়ালি ও হাতের অন্যান্য সার্জারি।

পরিকল্পিত সার্জারি হল যখন রোগীরা আগে থেকে একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করে থাকেন। এটি হল পরিকল্পিত চিকিৎসা, যা একজন জিপি(GP)-র দ্বারা হাসপাতালে একটি রেফারাল পাঠানো এবং স্পেশ্যালিস্টদের করা একটি মূল্যায়নের পর করা হয়ে থাকে। এটিকে কখনও কখনও 'মনোনীত' বা 'অ-জরুরি' পরিচর্যা বলে।

আমাদেরকে কেন পরিবর্তনগুলি করতে হবে

সেন্ট্রাল লন্ডনে প্রায় 1.5 মিলিয়নের বেশি জনগণ বসবাস করেন এবং এই সংখ্যাটি আরো বাড়বে বলে অনুমান করা হচ্ছে। স্বাস্থ্যসেবার চাহিদাও সেজন্য বাড়ছে এবং এটি বিশেষ ভাবে পরিকল্পিত অর্থোপেডিক সার্জারির ক্ষেত্রটিতেও প্রভাব ফেলবে। যেখানে এই পরিষেবাগুলির অনেকগুলিই ভাল মানের, আমরা জানি যে, রোগীদের অভিজ্ঞতা নানা রকমের হয় এবং তা আরো ভাল হতে পারে এবং অনুমান করা হচ্ছে যে এই চাহিদা বাড়তে থাকবে।

ওয়েটিং লিস্ট বা অপেক্ষার তালিকা খুব লম্বা

• জানুয়ারী 2019-এ, নর্থ সেন্ট্রাল লন্ডনের 10,500-রও বেশী অধিবাসী পরিকল্পিত অর্থোপেডিক সার্জারির জন্য অপেক্ষারত আছেন।
• জানুয়ারী 2018 ও জানুয়ারী 2019-এর মধ্যে নর্থ সেন্ট্রাল লন্ডনে অর্থোপেডিক সার্জারির জন্য রেফার করা রোগীদের মধ্যে মাত্র 79%-এর 18 সপ্তাহের মধ্যে চিকিৎসা শুরু হয়েছে; আমাদের কিছু হাসপাতালে, শীতের মাসগুলিতে এটি 65%-এ নেমে এসেছে।

অনেক সংখ্যক অপারেশন বাতিল হয়েছে

• 2018/19 সালে নর্থ সেন্ট্রাল লন্ডনে, 530 টি অর্থোপেডিক অপারেশন বাতিল হয়েছে- **এই অপারেশনগুলির** 96% সার্জারির দিনেই বাতিল হয়েছে। যা সপ্তাহে 10টি করে বাতিল হওয়ার সমান। জরুরি পরিষেবাগুলির চাহিদা, উপলব্ধ বেড ও কর্মীসংখ্যায় ঘাটতি থাকায় এরকম হয়েছে

পরিকল্পিত অর্থোপেডিক সার্জারির চাহিদা বাড়ছে

• 2029 সালের মধ্যে পরিকল্পিত অর্থোপেডিক সার্জারির চাহিদা প্রায় 9.5% বাড়বে বলে আশা করা হচ্ছে।

কোনও পরিবর্তন করা না হলে, স্থানীয় হাসপাতালগুলি ওয়েটিং লিস্টের দৈর্ঘ্য কমার; বাতিল হওয়ার সংখ্যা বৃদ্ধির সম্ভাবনা কম; এবং আমরা পরিষেবাগুলির চাহিদার প্রত্যাশিত বৃদ্ধি সামলানোর জন্য ভালোভাবে প্রস্তুত থাকব না। আমাদের প্রস্তাবগুলি অনুমোদিত হলে, এনএইচএস(NHS) অর্থোপেডিক পরিষেবাগুলির জন্য একই পরিমাণ অর্থ (প্রায় £37 মিলিয়ন পাউন্ড) ব্যয় করবে, কিন্তু আমরা সেই অর্থ আরো ভালভাবে ব্যবহার করতে পারব এবং পরিষেবা উন্নত করতে পারব। সময়ের সাথে সাথে, এই নতুন কার্যধারার মাধ্যমে অর্থ সাশ্রয় হবে বলে আশা করা হচ্ছে।

সমস্ত এনএইচএস(NHS) হসপিটাল ট্রাস্টগুলি এই প্রস্তাবগুলি অনুযায়ী পরিকল্পিত অর্থোপেডিক পরিষেবা প্রদান করবে এবং এগুলি গঠনের অংশ হিসেবে থাকবে।

আমরা নর্থ সেন্ট্রাল লন্ডনের পূর্ণবয়স্কদের জন্য পরিকল্পিত অর্থোপেডিক সার্জারির ব্যবস্থাকরণের একটি নতুন ধরণের প্রস্তাব করছি

স্থানীয় এনএইচএস(NHS) ট্রাস্টগুলি দ্বারা পরিকল্পিত অর্থোপেডিক পরিষেবার দুটি অংশীদারীত্ব গঠন করা হয়েছে – ইউনিভার্সিটি কলেজ লন্ডন হসপিটাল্স (UCLH) এবং হুইটিংটন হেল্থ-এর সাথে একসাথে কাজ করে, এবং রয়্যাল ফ্রি লন্ডন গ্রুপ (রয়্যাল ফ্রি, বারনেট হসপিটাল, চেজ ফার্ম হসপিটাল), নর্থ মিডলসেক্স ইউনিভার্সিটি হসপিটাল (নর্থ মিড)-এর সাথে একসাথে কাজ করে।

প্রস্তাবটিতে সম্মতি পাওয়া গেলে, আমরা যেভাবে পরিষেবা প্রদান করে থাকি তাতে এই অংশীদারীত্বগুলি সত্যিকারের উন্নতিগুলি প্রদান করতে পারবে।

- নিবেদিত অপারেটিং থিয়েটার ও বেডগুলি থাকা দুটি এনএইচএস(NHS) হাসপাতাল অপারেশনের পর হাসপাতালে রাতে থাকার প্রয়োজনযুক্ত রোগীদের পরিষেবা প্রদান করবে, যেগুলি হল – চেজ ফার্ম হসপিটাল ও ইউনিভার্সিটি কলেজ লন্ডন হসপিটাল
- ডে সার্জারির প্রয়োজন থাকা রোগীদের বেছে নেওয়ার জন্য এক গুচ্ছ এনএইচএস(NHS) হসপিটাল থাকবে
- আউটপেশেন্ট বা বর্হিবিভাগের রোগীদের অ্যাপয়েন্টমেন্টগুলি বেছে নেওয়ার জন্য এক গুচ্ছ এনএইচএস(NHS) হসপিটাল থাকবে
- রোগীদের জন্য উন্নত শেখানোর ক্লাস যেগুলি তাদেরকে নিজের অপারেশন সম্পর্কে জানতে এবং তাদের সেরে ওঠার জন্য কী করতে হবে তা বুঝতে সহায়তা করবে
- একজন উল্লিখিত সার্জন ও তার সার্জিক্যাল টীমের সাথে অ্যাপয়েন্টমেন্ট, যারা রোগীদের চিকিৎসা ও পরিচর্যার পুরো সময়কাল জুড়ে তাদের সাথে থাকবেন, তা অপারেশনটি যেখানেই হোক না কেন
- রোগীদের সার্জারির পর তাদের পুরো সেরে ওঠায় সহায়তা
- সার্জারির পর অতিরিক্ত পরিচর্যার প্রয়োজন থাকা রোগীদের জন্য উচ্চ নির্ভরশীল বা ইনটেনসিভ কেয়ার ইউনিটগুলিতে প্রবেশাধিকার
- ডিমেনশিয়া বা শিক্ষাগত অসামর্থ্যের মত স্বাস্থ্যসমস্যা থাকা রোগীদের জন্য কেয়ার কো-অর্ডিনেটরের সুবিধা, যিনি তাদেরকে তাদের পরিচর্যাটি সম্বন্ধে এবং সেটি কোথায় দেওয়া হতে পারে সেই সেই সম্পর্কে বুঝতে সহায়তা করবেন
- বেশী জটিল সার্জারিগুলি রয়্যাল ন্যাশনাল অর্থোপেডিক হসপিটালে চালিয়ে যাওয়া হবে, যেটি একটি সুপার-স্পেশালিস্ট সেন্টার
- হিমোফিলিয়ার মতো অন্যান্য জটিল চিকিৎসা সংক্রান্ত সমস্যাযুক্ত রোগীদের সার্জারি সেই হাসপাতালে করা হবে যেখানে সেই সংক্রান্ত উৎকর্ষতা রয়েছে।
- সমস্ত স্থানীয় হাসপাতালগুলির একটি অ্যাক্সিডেন্ট অ্যান্ড ইমার্জেন্সি ডিপার্টমেন্টে জরুরি অর্থোপেডিক পরিষেবা ব্যবস্থা চালিয়ে যাওয়া হবে।

আমাদের লক্ষ্য

ভিন্নভাবে পরিষেবা প্রদানের ব্যবস্থা নেওয়ার অনেকগুলি সুবিধা রয়েছে:

- নর্থ সেন্ট্রাল লন্ডন জুড়ে সমস্ত রোগীদের ধারাবাহিক উচ্চ-মানের পরিষেবা গ্রহণের সহজলভ্যতা
- পরিষেবাগুলির বর্তমান ও ভবিষ্যত চাহিদা পূরণ করার সক্ষমতা
- শেষ-মুহূর্তের বাতিলকরণগুলি এড়ানোর জন্য ব্যবহারিকভাবে জরুরি ও পরিকল্পিত সার্জারিগুলিকে আলাদা করা
- উচ্চ-বিশেষজ্ঞতাযুক্ত কর্মীরা, যারা বেশী পরিমাণ অর্থোপেডিক সার্জারির উপর নজর কেন্দ্রীভুত করবেন এবং এটি সম্পন্ন করার জন্য ক্রমশ দক্ষ হয়ে উঠবেন

ভবিষ্যতে আমরা একটি সময়ানুগভাবে, বাতিলকরণের ঝুঁকি ছাড়াই রোগীদের উচ্চ-মানের পরিকল্পিত অর্থোপেডিক সার্জারির সুবিধা গ্রহণ নিশ্চিত করতে চাই।

প্রতিবন্ধকতা

আমরা জানি যে, কোনও পরিবর্তনের ফলে কিছু ব্যক্তির অসুবিধা হতে পারে:
- কিছু ব্যক্তিকে তাদের অপারেশনের দিন অপেক্ষাকৃত বেশী দূরত্ব যেতে হতে পারে
- দেখতে আসা লোকেদের বেশী দূরত্ব যাত্রা করতে হতে পারে
- কিছু কর্মীকে হয়তো সপ্তাহের কয়েকটি দিন তাদের নিয়মিত কাজের জায়গা ছেড়ে আলাদা কোনো হাসপাতালে গিয়ে কাজ করতে হতে পারে
- বিশেষ প্রয়োজন থাকা ব্যক্তিরা (যেমন একটি শিক্ষাগত অসামর্থ্য, বা ডিমেনশিয়া থাকা ব্যক্তিরা) অপরিচিত কোনো হাসপাতালে যাওয়া নিয়ে কিছুটা বিভ্রান্ত হতে পারেন।

আমাদের আলোচনা নথিতে সুবিধা ও প্রতিবন্ধকতাগুলির একটি তালিকা পাওয়া যেতে পারে। আমরা আমাদের আলোচনা প্রক্রিয়াতে এই বিষয়গুলি সম্পর্কে আপনাদের মতামত জানতে চাই।

রোগীদের কাছে এই পরিবর্তনগুলির অর্থ কী হবে?

আমাদের পাঁচটি বরোতে এবং আমাদের আশেপাশের কিছু এলাকার যেসব ব্যক্তিদের ভবিষ্যতে একটি পরিকল্পিত অর্থোপেডিক অপারেশনের প্রয়োজন হতে পারে তাদের যে কারো উপর এই প্রস্তাবিত পরিবর্তনের প্রভাব পড়তে পারে। আমাদের সিদ্ধান্ত গ্রহণে সহায়তার জন্য, আমরা এই পরিষেবাগুলিতে অভিজ্ঞতা থাকা বা আগ্রহ থাকা যে কোনও ব্যক্তির কাছ থেকে তাদের মতামত পেতে আগ্রহী।

আমাদের প্রস্তাবগুলি অনুযায়ী সমস্ত রোগীরা তাদের সেবাতে একটি উল্লেখযোগ্য উন্নতি দেখতে পাবেন। এটি অর্জনের জন্য, ভবিষ্যতে কিছু রোগীদের বর্তমান ব্যবস্থাপনার চেয়ে একটি ভিন্ন হাসপাতালে সার্জারি করতে হতে পারে। বর্তমানে 10টি এনএইচএস(NHS) এবং বেসরকারী হাসপাতাল জুড়ে প্রতি বছর প্রায় 11,000 রোগী পরিকল্পিত অর্থোপেডিক সার্জারি করাচ্ছেন।

আমাদের প্রস্তাবগুলি অনুযায়ী, 1460 জন রোগী বর্তমান ব্যবস্থাপনার চেয়ে ভিন্ন একটি হাসপাতালে তাদের ডে সার্জারি করাবেন এবং সার্জারির জন্য রাতে থাকার প্রয়োজনযুক্ত (যেমন হিপ বা কোমর এবং হাঁটুর সার্জারি) 1360 জন রোগী বর্তমান ব্যবস্থাপনার তুলনায় ভিন্ন একটি হাসপাতালে তাদের সার্জারি করাবেন।*

রোগীরা তাদের পরিকল্পিত অর্থোপেডিক পরিষেবার জন্য তাদের জিপি(GP) বা ফিজিওথেরাপিস্টের সহায়তা নিয়ে দুটি অংশীদারীত্ব থেকে একটি বেছে নেবেন। অংশীদারীত্বের এই পছন্দটি তাদের আউটপেশেন্ট বা বহির্বিভাগীয় রোগী পরিষেবার জন্য হাসপাতালের পছন্দ এবং তারা কোথায় সার্জারি করাবেন তা নির্ধারণ করবে।

(*এর মধ্যে সেসব রোগীরা রয়েছেন যারা বর্তমানে একটি বেসরকারী হাসপাতালে তাদের এনএইচএস(NHS) পরিষেবা পাচ্ছেন।)

Where patients have care today



OUTPATIENT	DAY SURGERY	OVERNIGHT STAY
Barnet Hospital	Chase Farm	Chase Farm
Royal Free Hospital	Chase Farm	Chase Farm
Chase Farm Hospital	Chase Farm	Chase Farm
North Mid	North Mid	North Mid
UCLH	UCLH	UCLH
Whittington Health	Whittington Health	Whittington Health
Private hospitals	Private hospitals	Private hospitals

Where patients have care today
আজ যেখানে রোগীরা চিকিৎসা পেয়েছেন

OUTPATIENT	DAY SURGERY	OVERNIGHT STAY
আউটপেশেন্ট	ডে সার্জারি	রাতে থাকা
Barnet Hospital	Chase Farm	Chase Farm
Royal Hospital	Chase Farm	Chase Farm
North mid	North mid	North mid
UCLH	UCLH	UCLH
Whittington Health	Whittington Health	Whittington Health
Private hospitals	Private hospitals	Private hospitals
বেসরকারী হাসপাতালগুলি	বেসরকারী হাসপাতালগুলি	বেসরকারী হাসপাতালগুলি



Where patients go for care today vs where they could go under our proposals	রোগীরা আজ যেখানে চিকিৎসা করাতে গিয়েছেন বনাম আমাদের প্রস্তাব অনুযায়ী তারা যেখানে যেতে পারতেন
North Middlesex University Hospital	North Middlesex University Hospital
Royal Free London Partnership	Royal Free London Partnership
UCLH/ Whittington Health Partnership	UCLH/ Whittington Health Partnership
Today	আজ
In the Future	ভবিষ্যতে

ভবিষ্যতে, রোগীরা তাদের সেবার জন্য দুটি অংশীদারীত্ব থেকে একটি বেছে নিতে পারবেন। নীচের সারণীতে দেখানো হয়েছে যে, রোগীরা তাদের সেবার বিভিন্ন অংশগুলি পেতে কোথায় যেতে পারেন।

Overnight stay: Usually hip & knee surgery



Day surgery: Usually shoulder, hand and foot surgery



Overnight stay: Usually hip & knee surgery	রাতে থাকা: সাধারণত হিপ বা কোমর ও হাঁটুর সার্জারি
GP & Community Care	জিপি(GP) ও কমিউনিটি কেয়ার
Outpatient Appointments	আউটপেশেন্টের অ্যাপয়েন্টমেন্টগুলি
Surgery	সার্জারি
Follow up	ফলো আপ
Community Post- Operative Care	কমিউনিটি পোস্ট –অপারেটিভ কেয়ার
Outpatient Appointment	আউটপেশেন্টের অ্যাপয়েন্টমেন্ট
Overnight stay	রাতে থাকা
Day surgery: Usually shoulder, hand and foot Surgery	ডে সার্জারি: সাধারণত কাঁধ, হাত ও পায়ের পাতার সার্জারি
GP & Community Care	জিপি(GP) ও কমিউনিটি কেয়ার
Outpatient Appointments	আউটপেশেন্টের অ্যাপয়েন্টমেন্টগুলি
Day surgery	ডে সার্জারি
Follow up	ফলো আপ
Community Post- Operative Care	কমিউনিটি পোস্ট –অপারেটিভ কেয়ার

বর্তমানের পরিকল্পিত অর্থোপেডিক পরিষেবাগুলি বনাম আমাদের প্রস্তাবগুলি অনুযায়ী পরিষেবাগুলি

নীচের সারণীতে নর্থ সেন্ট্রাল লন্ডনে বর্তমানে উপলব্ধ অর্থোপেডিক পরিষেবা এবং এর পাশে এই প্রস্তাবগুলি প্রয়োগকৃত হলে তা কিরকম হবে তার পার্থক্য দেখানো হয়েছে।

🙁 Not available 😐 Available in some hospitals
🙂 Available in the new arrangements

	Today	In the proposals
Hospitals carrying our larger numbers of orthopaedic operations provide higher quality care for patients	🙁	🙂
Ring-fenced operating theatres, wards and specialist staff, separate from A&E departments, minimises cancellations and leads to better care	😐	🙂
Teams that carry out surgery six or seven days a week reduces waiting lists and makes maximum use of facilities	😐	🙂
High dependency or intensive care units and overnight senior medical cover provides support for patients who have complications	😐	🙂
Care coordinators to offer support patients with conditions such as learning disabilities and dementia	🙁	🙂
Consistent education classes before surgery and high-quality rehabilitation ensures the same high-quality care, in all hospitals	😐	🙂

Not available	উপলব্ধ নেই
Available in some hospitals	কিছু হাসপাতালে উপলব্ধ রয়েছে
Available in new arrangements	নতুন ব্যবস্থাপনাতে উপলব্ধ রয়েছে

	Today	In the proposals
	আজ	প্রস্তাবগুলিতে
Hospitals carrying our larger numbers of orthopedic operations provide higher quality care for patients	আমাদের অধিকতর সংখ্যায় অর্থোপেডিক অপারেশন করা হাসপাতালগুলি রোগীদের জন্য উচ্চ মানের পরিষেবা প্রদান করে	
Ring-fenced operating theatres, wards and specialist staff, separate from A&E departments,	A&E ডিপার্টমেন্ট থেকে আলাদা, রিং-এর মতো বেড়া থাকা অপারেটিং থিয়েটার, ওয়ার্ডগুলি এবং কর্মীরা, , বাতিলকরণের	

minimeses cancellations and leads to better care	সংখ্যা কমায় এবং উন্নততর পরিষেবার দিকে নিয়ে যায়	
Teams that carry out surgery six or seven days a week reduces waiting lists and makes maximum use of facilities	সপ্তাহের ছয় বা সাত দিন সার্জারি সম্পন্ন করা টীমগুলি অপেক্ষার তালিকাগুলি কমায় এবং সুবিধাগুলির সর্বাধিক ব্যবহার করে	
High dependency or intensive care units and overnight senior medical cover provides support for patients who have complications	উচ্চ নির্ভরশীল বা ইনটেনসিভ কেয়ার ইউনিটগুলি এবং রাতে থাকা সিনিয়র মেডিক্যাল কভার জটিলতা থাকা রোগীদের জন্য সহায়তা প্রদান করে	
Care coordinators to offer support to patients with conditions such as learning disabilities and dementia	কেয়ার কো-অর্ডিনেটর শেখার অসামর্থ্য ও ডিমেনশিয়ার মতো স্বাস্থ্য সমস্যা থাকা রোগীদেরকে সহায়তা প্রদান করে	
Consistent education classes before surgery and high-quality rehabilitation ensures the same high-quality care, in all hospitals	সার্জারির আগে ধারাবাহিক শিক্ষার ক্লাসগুলি এবং উচ্চ-মানের পুর্নবাসন সমস্ত হাসপাতালে একই উচ্চ-মানের পরিষেবা সুনিশ্চিত করে	

আমাদের প্রস্তাবগুলি কিভাবে প্রস্তুত করা হয়েছিল

নর্থ সেন্ট্রাল লন্ডনের স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীদের মধ্যে একটি সৃষ্টিশীল, সমন্বয়কারী উপায়ে, ক্লিনিশিয়ান, এনএইচএস(NHS) ট্রাস্ট, স্থানীয় রোগীরা, অংশীদাররা এবং এই গোষ্ঠীগুলির অংশগ্রহণকারী এক গুচ্ছ কর্মশালা থেকে পাওয়া মতামতগুলির ভিত্তিতে আমাদের প্রস্তাবগুলি তৈরী করা হয়েছিল।

এছাড়াও এনএইচএস(NHS) পেশাদাররা, রোগীরা ও অন্যান্য গোষ্ঠীদের একটি প্যানেল, লন্ডন ক্লিনিক্যাল সেনেট আমাদের প্রস্তাবগুলির পর্যালোচনা করেছিল। তারা সম্মত হয়েছিলেন যে, “জাতীয় সর্বোত্তম কার্যধারার ভিত্তিতে ও স্থানীয় সমস্যাগুলি বিবেচনা করে পরিবর্তনের একটি স্পষ্ট প্রয়োজন ছিল।”

রোগীদের বিবৃত কিছু গুরুত্বপূর্ণ বিষয়ও প্রস্তাবগুলিতে অর্ন্তভুক্ত করা হয়েছিল:

- কেয়ার কো-অর্ডিনেটররা ডিমেনশিয়া ও শিক্ষাগত অসামর্থ্যের মতো স্বাস্থ্যসমস্যা থাকা রোগীদের সহায়তা করবেন
- সুরক্ষিতভাবে তাদের ডিজিটাল পেশেন্ট রেকর্ডসে যুক্ত করেন, যাতে আরো সহজে তথ্য ভাগ করে নেওয়া যায়

• যাতায়াত ও পরিবহণের একটি সম্পূর্ণ বিশ্লেষণ, যাতে আমাদের প্রস্তাবগুলির প্রভাব বুঝতে এবং কোনও প্রতিকূল দিক থাকলে তা হ্রাস করার উপায়গুলি তৈরী করতে আমাদের সহায়তা হয়।
• রোগীদের সবসময় এই পছন্দটি থাকবে যে, তারা কোথায় তাদের চিকিৎসা করাবেন; এটি এনএইচএস (NHS) সংবিধানের অংশ।
• আমরা ইমার্জেন্সি কেয়ার বা জরুরি পরিষেবার বিশেষজ্ঞদের আমাদের পরিকল্পনা ভালো করে খতিয়ে দেখতে এবং নিশ্চিত করতে বলেছি যাতে জরুরি পরিষেবাতে আমাদের পরিকল্পনাটি কোনও ব্যাঘাত সৃষ্টি না করে।

আমাদের এই ওয়েবসাইটে আরো তথ্য পাওয়া যেতে পারে
www.northlondonpartners.org.uk/orth_consultation

আপনি কিভাবে আপনার মতামত দেবেন

আমরা আমাদের গণ আলোচনা প্রক্রিয়া চলাকালীন আমাদের পরিকল্পনাগুলিতে অবদান রাখার জন্য যত বেশী সংখ্যক রোগী, সাধারণ মানুষ, কর্মী এবং অংশীদারদের মতামত গ্রহণ করতে চেয়েছি। এর মধ্যে বারনেট, ক্যামডেন, এনফিল্ড, হেরিঙ্গে, আইলিংটন ও নর্থ সেন্ট্রাল লন্ডনের হাসপাতাল পরিষেবাগুলি ব্যবহার করতে পারেন এরকম আশেপাশের এলাকার অধিবাসীরা অর্ন্তভুক্ত রয়েছেন। আমরা বিশেষভাবে সেসব ব্যক্তিদের কাছ থেকে মতামত পেতে আগ্রহী, যারা বর্তমানে পরিকল্পিত অর্থোপেডিক সার্জারির অভিজ্ঞতা পাচ্ছেন বা পেয়েছেন, বা এমন কেউ যাদের ভবিষ্যতে এই পরিষেবাগুলির প্রয়োজন হতে পারে এবং তাদের পরিবার ও তত্বাবধানকারীদের মতামতও এর অর্ন্তভুক্ত রয়েছে।

এই আলোচনা প্রক্রিয়াতে লোকেদেরকে আমন্ত্রণ জানিয়ে আমরা বুঝতে চাইছি যে, আমরা বর্তমান চ্যালেঞ্জগুলির ক্ষেত্রে সম্ভাব্য সেরা সমাধান তৈরী করছি কিনা, প্রস্তাবগুলিকে আরো কিভাবে উন্নত করা যায় এবং আর কোনও বিকল্প প্রস্তাব রয়েছে কিনা যা আমরা বিবেচনা করিনি।
একটি স্বতন্ত্র কোম্পানি পার্টিসিপেট লিমিটেড সমস্ত মতামতের মূল্যায়ন করবে।

আলোচনা প্রক্রিয়ার একটি সম্পূর্ণ নথি পাওয়া যাবে এখানে:
www.northlondonpartners.org.uk/orth_consultation

অনুগ্রহ করে, এই প্রস্তাবগুলি সংক্রান্ত আপনার মতামত ও দৃষ্টিভঙ্গীগুলি জানান এইভাবে:
1) আলোচনা প্রক্রিয়ার প্রশ্নমালা পূরণ করে এবং প্রদান করা ফ্রিপোস্ট ঠিকানা ব্যবহার করে ডাকযোগে এটি ফেরত পাঠান।
2) এই লিঙ্কে আমাদের অনলাইন সমীক্ষা ব্যবহার করে আলোচনা প্রক্রিয়ার প্রশ্নগুলি পূরণ করে: **www.northlondonpartners.org.uk/orth_consultation**
3) আমাদের এই ঠিকানাতে লিখে **FREEPOST NLP ORTH CONSULTATION** (কোনও স্ট্যাম্প বা পোস্টকোডের প্রয়োজন নেই)
4) আপনার গ্রুপের সাথে কথা বলার জন্য নীচের যোগাযোগের বিবরণ ব্যবহার করে প্রোগ্রাম টীমকে আমন্ত্রণ জানান
5) ফোনে আপনার মতামত জানান এই **ফ্রিফোন** নম্বরে কল করে: **0808 1567192**
6) আলোচনা প্রক্রিয়ার সময়কাল চলাকালীন একটি সার্বজনীন বৈঠকে যোগ দিয়ে। আমাদের ওয়েবসাইটে সেগুলির পূর্ণ বিবরণ পেতে পারেন। আপনি কোনও সার্বজনীন বৈঠক বা সশরীরে যোগ দেওয়া অনুষ্ঠানে যোগ দিলে, আপনার মতামতগুলি সেই অনুষ্ঠান থেকেই গ্রহণ করা হবে।

সেগুলির বিবরণ আমাদের ওয়েবসাইটে পাওয়া যাবে।

পরামর্শ প্রক্রিয়ার প্রতিক্রিয়াগুলি স্বাধীনভাবে পার্টিসিপেট-এর দ্বারা মূল্যায়ন করা হবে, যারা সিদ্ধান্ত গ্রহণকারীদের সাথে তাদের রিপোর্ট ভাগ করে নেবেন।

• মে 2020-তে, অংশীদাররা খসড়া মূল্যায়ন ও তার সাথে সাম্যতা প্রভাবকারী মূল্যায়নের পর্যালোচনার উপর মন্তব্য করার সুযোগ পাবেন।
• জুন 2020-তে, প্রতিক্রিয়াগুলির মূল্যায়ন, অংশীদারদের কাছ থেকে পাওয়া মতামত এবং প্রভাবগত মূল্যায়নগুলি জয়েন্ট হেল্থ ওভারভিউ অ্যান্ড স্ক্রুটিনি কমিটি (JHOSC)-র সাথে ভাগ করে নেওয়া হবে। সুপারিশকৃত সিদ্ধান্তের উপর আলোকপাত করে এরপর একটি সিদ্ধান্ত গ্রহণকারী বিজনেস কেস (DMBC) তৈরী করা হবে
• জুন/জুলাই 2020-তে, রোগীরা এবং NCL CCG একসাথে মূল্যায়নের পর্যালোচনা করার ও কোন জটিলতা থাকলে তা নিয়ে আলোচনার সুযোগ পাবে। সিদ্ধান্ত নেওয়ার জন্য চূড়ান্ত DMBC-টি NCL CCG-র কাছে উপস্থাপিত করা হবে

চূড়ান্ত সিদ্ধান্তটি এবং আলোচনা প্রক্রিয়ার ফলাফলটি জোরালোভাবে প্রচার করা হবে এবং আমরা কোন সম্মতিকৃত পরিবর্তন করার সময় স্থানীয় অধিবাসীদের সংশ্লিষ্ট করা চালিয়ে যাব।

আমরা অপেক্ষার সময়, বাতিলকরণ, পুনঃভর্তির হার, রোগীরা হাসপাতালে কতটা সময় কাটাচ্ছেন, বন্ধু ও পরিবার সংক্রান্ত পরীক্ষার ফলাফলগুলি এবং অন্যান্য পরিমাপগুলির উপর নজর রাখব যাতে নিশ্চিত করা যায় যে, প্রয়োগকৃত কোন পরিবর্তন কার্যকরী হয়েছে।